

15th G20 Leaders' Summit (November 21-22, 2020)

19 Nov, 2020

পঞ্চদশ জি-২০ নেতৃত্বদের শীর্ষ সম্মেলন (২১-২২ নভেম্বর)

19 নভেম্বর, ২০২০

সৌদি আরব সাম্রাজ্যের রাজা সলমন বিন আব্দুল আজিজ, যিনি দুটি পবিত্র মসজিদের রক্ষণাবেক্ষণের দায়িত্বে রয়েছেন, তাঁর আমন্ত্রণে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী পঞ্চদশ জি-২০ শীর্ষ সম্মেলনে যোগ দেবেন। এই সম্মেলনের পৌরহিত্য করবে সৌদি আরব। ২১-২২শে নভেম্বর অনুষ্ঠিত এই সম্মেলনে মূল ভাবনা 'একবিংশ শতকে সকলের জন্য সুযোগ'। এই বৈঠক ভার্চুয়ালি অনুষ্ঠিত হবে।

২০২০ সালে জি-২০ গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতাদের এটি দ্বিতীয় বৈঠক। প্রধানমন্ত্রী এবং সৌদি আরবের যুবরাজের মধ্যে মার্চ মাসে টেলিফোনে কথাবার্তার পর জি-২০ গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতারা একটি বৈঠক করেন। এই বৈঠকে কোভিড-১৯ মহামারীর বিরুদ্ধে প্রতিরোধে সদস্য রাষ্ট্রগুলির মধ্যে বোঝাপড়া বাড়ানো এবং আন্তর্জাতিক স্তরে একযোগে কাজ করার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে।

জি-২০র আগামী শীর্ষ সম্মেলনে কোভিড মুক্ত হওয়ার পর সমন্বিত, প্রাণবন্ত ও স্থিতিশীল ব্যবস্থা গড়ে তোলার জন্য আলোচনা হবে। বৈঠকে নেতৃত্বদ মহামারীর মোকাবিলায় উপযুক্ত ব্যবস্থা গ্রহণ ও কর্মসংস্থান সৃষ্টির বিষয় নিয়ে আলোচনা করবেন।

যখন ইটালি পয়লা ডিসেম্বর এই গোষ্ঠীর সভাপতি হিসেবে দায়িত্ব নেবে, সেই সময় ভারত জি-২০ শীর্ষ সম্মেলনে ত্রয়ী হিসেবে সৌদি আরবের সঙ্গে যোগদান করবে।

নিউ দিল্লি

19 নভেম্বর, ২০২০

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.